

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী উন্নত কর্মপরিবেশ  
সৃষ্টির লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ সাইদুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ।  
সভার তারিখ : ২৮/১২/২০২১ খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকা।  
সভার স্থান : ভবন নং-১১ (১৬ তলা) অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের দপ্তর,  
বাংলাদেশ সচিবালয়।  
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি সভার শুরুতে উপস্থিত অর্থ বিভাগের উন্নত কর্মপরিবেশ সৃষ্টির লক্ষ্যে গঠিত কমিটির সদস্যগণকে শুভেচ্ছা জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অর্থ বিভাগের যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) জনাব মুন্সী আবদুল আহাদ আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচির বিষয়সমূহ পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটিতে যুগ্মসচিব (প্রশাসন)-কে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়;  
খ) টিওএন্ডইভুজ্ঞ অকেজো মালামাল বিনষ্টকরণ ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম জোড়দার করার লক্ষ্যে নিম্নোক্তভাবে উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত কমিটি টিওএন্ডইভুজ্ঞ অকেজো মালামাল বিনষ্টকরণের তালিকা প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করবে;

- ❖ যুগ্মসচিব (প্রশাসন)- আহ্বায়ক
- ❖ উপসচিব (প্রশাসন-২)-সদস্য
- ❖ উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রবিধি-১)-সদস্য
- ❖ উপসচিব (বাজেট ও পরিকল্পনা-১)-সদস্য-সচিব

গ) স্বাস্থ্য বিধি যথাযথভাবে অনুসরণ ও সামাজিক দূরত্ব বজায় রাখা হচ্ছে; ও

ঘ) সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ এবং দপ্তরসমূহে স্যানিটাইজার, সাবান সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।

০২। পরিশেষে, সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-  
৩০/১২/২০২১  
(মোঃ সাইদুর রহমান)  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)  
ও  
সভাপতি  
কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি  
অর্থ বিভাগ।

নথি নং-০৭.০০.০০০০.০৩৩.০৫.০০২.২১-০৪


তারিখঃ ১৯ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ  
০৩ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা), অর্থ বিভাগ।
- ০২। যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ।
- ০৩। উপসচিব (প্রশাসন-২), অর্থ বিভাগ।
- ০৪। উপসচিব (প্রশিক্ষণ), অর্থ বিভাগ।
- ০৫। উপসচিব (প্রশাসন-৪), অর্থ বিভাগ।
- ০৬। উপসচিব (বাজেট ও পরিকল্পনা-১), অর্থ বিভাগ।
- ০৭। উপসচিব (প্রশাসন-৩), অর্থ বিভাগ।
- ০৮। উপসচিব (প্রশাসন-৫), অর্থ বিভাগ।
- ০৯। উপসচিব (প্রশাসন-১), অর্থ বিভাগ।
- ১০। উপসচিব (প্রবিধি-১), অর্থ বিভাগ।
- ১১। সহকারী সচিব (প্রশাসন-৬), অর্থ বিভাগ।

অনুলিপি: জ্ঞাতার্থে

- ০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম)/ (প্রশাসন ও সমন্বয়), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
- ০৩। অফিস কপি/ গার্ড ফাইল।

  
০৬.০১.২০২২  
(মোঃ শওকত আলী)  
উপসচিব